# উপজেলা পরিষদ
# কালিগঞ্জ, সাতক্ষীরা।

## জানুয়ারী/২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

অধিবেশন নং - ০১/২০২৩

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ৩১-০১-২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১২.০০ মিঃ |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (উপস্থিত পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত পরিশিষ্ট 'খ')।

সভার প্রারম্ভে উপস্থিত চেয়ারম্যানগণ ও সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও কার্যবিবরণীতে কোন সংশোধন / সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>২.(ক) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। এসময় সভার সভাপতি বলেন যে, বিগত ০১/১১/২০২২ ও ০১/১২/২০২২ ইং তারিখ উপজেলা পরিষদ সভায় উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন করা হয়েছিল। কিন্তু গুরুত্ব বিবেচনা করে ড্রেণের ও রাস্তার মাষ্টারপ্লানে পুনরায় সংশোধনী আনা হয়। মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থবছরের কালিগঞ্জ উপজেলার শহরকেন্দ্রিক RCC সড়ক ঃ (১) উপজেলা পরিষদের অভ্যন্তরীন সড়ক নির্মাণ (২) এসিল্যান্ড অফিসের সামনের সড়ক নির্মাণ। ড্রেনঃ (১) কালিগঞ্জ পোষ্ট অফিসের সামনে থেকে ফুলতলা বাজার হয়ে মহিলা কলেজ অভিমুখে (১৬০০ মিটার) ড্রেণ নির্মাণ। (২) উপজেলা পরিষদের পিছন দিয়ে নাজিমগঞ্জ বাজার ড্রেণ নির্মাণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন করা হয়েছিল। কিন্তু গুরুত্ব বিবেচনা করে ড্রেনের ও রাস্তার মাষ্টারপ্লানে পুনরায় সংশোধনী আনা হয়। মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থবছরের কালিগঞ্জ উপজেলার শহরকেন্দ্রিক RCC সড়ক ঃ (১) উপজেলা পরিষদের অভ্যন্তরীন সড়ক নির্মাণ (২) এসিল্যান্ড অফিসের সামনের সড়ক নির্মাণ। ড্রেনঃ (১) কালিগঞ্জ পোষ্ট অফিসের সামনে থেকে ফুলতলা বাজার হয়ে মহিলা কলেজ অভিমুখে (১৬০০ মিটার) ড্রেণ নির্মাণ। (২) উপজেলা পরিষদের পিছন দিয়ে নাজিমগঞ্জ বাজার ড্রেণ নির্মাণ সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৩। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, "সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট" এর আওতায় ১২টি ক্লাস্টার উন্নয়নের পাশাপাশি মোট ৩০০ জন চিংড়ি চাষীর ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এছাড়া এসিআই অ্যাগ্রোলিংক লিঃ এর আয়োজনে মাসিক ১০০ জন চিংড়ি চাষীকে বিভিন্ন পরামর্শ প্রদান করা হচ্ছে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা আরও বলেন, মৌতলা মৎস্য পল্লীর কার্যক্রম চলমান রয়েছে। মৌতলা মৎস্য পল্লীসহ রতনপুর ইউনিয়নে মঙ্গেলা খালের পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার জন্য বিভিন্ন স্থানে কিছু পাইপ কালভার্ট স্থাপন করার প্রস্তাব করেন। এ সময় সভার সভাপতি জানান যে, এখন শুষ্ক মৌসুম ঘের প্রস্তুতের সময়। এ সময়ে মৎস্য চাষের জন্য বিপুল পরিমাণ সারের প্রয়োজন হয়। এ উপজেলায় মৎস্য চাষের জন্য পর্যাপ্ত সার সরবরাহ ও মজুদ রাখার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ সহ ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) মৌতলা মৎস্য পল্লী সহ রতনপুর ইউনিয়নে মঙ্গেলা খালের পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার জন্য বিভিন্ন স্থানে কিছু পাইপ কালভার্ট স্থাপন করার বিষয় সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) এ উপজেলায় মৎস্য চাষের জন্য পর্যাপ্ত সার সরবরাহ ও মজুদ রাখার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ৪। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। সভার সভাপতি জানান, বিগত ০১/১২/২০২২ তারিখ উপজেলা পরিষদ মাসিক সভায় চলতি অর্থ বছরে এডিপি বরাদ্দ হতে কুকুরে কামড়ানো ভ্যাকসিন ক্রয়ের সিদ্ধান্ত রয়েছে। ইতোমধ্যে এডিপি বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহণ করা হয়েছে কিন্তু কুকুরে কামড়ানো ভ্যাকসিন ক্রয়ের প্রকল্পটি বাদ পড়ায় প্রকল্পটি উপজেলায় উন্নয়ন তহবিল হতে কুকুরে কামড়ানো ভ্যাকসিন ক্রয়ের বিষয় আলোচনা হয়। এছাড়া প্রতিটি ইউনিয়ন সমন্বয় সভায় ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের উপস্থিত থাকার জন্য পত্র দিতে ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানান হয়। এ সময় মথুরেশপুর ইউনিয়নের চেয়ারম্যান কমিউনিটি ক্লিনিক থেকে সরকারিভাবে বিতরণকৃত ঔষধের মেয়াদ যাচাইকরণের বিষয়ে তদারকি করার জন্য অনুরোধ জানান হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে কুকুরে কামড়ানো ভ্যাকসিন ক্রয়ের বিষয় সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) কমিউনিটি ক্লিনিক থেকে সরকারিভাবে বিতরণকৃত ঔষধের মেয়াদ যাচাইকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৫। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ (ক) উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, এ উপজেলাকে কৃষি খাদ্য-শষ্যে স্বয়ংসম্পূর্ণ করতে উপজেলা কৃষি বিভাগ কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় এ উপজেলায় ঘেরের আইল সহ আবাদী ও অনাবাদী জমিতে এ বছর প্রচুর পরিমাণ সরিষা উৎপাদন হয়েছে। আরও খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গোবরের খালসহ রতনপুর ইউনিয়নে মলেঙ্গা খালের মুখে রেগুলেটরসহ পাইপ কালভার্ট স্থাপনের প্রস্তাব করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গোবরের খালসহ রতনপুর ইউনিয়নে মলেঙ্গা খালের মুখে রেগুলেটরসহ পাইপ কালভার্ট স্থাপনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, গবাদিপশু, হাঁস-মুরগীসহ পোষা প্রানির ভ্যাকসিন কার্যক্রম প্রদান অব্যাহত আছে। এছাড়া প্রতিটি ইউনিয়ন পরিষদে ১দিন করে ভ্যাকসিন কার্যক্রম পরিচালনা করা হবে। এ সময় সভার সভাপতি জানান যে, এ উপজেলায় ছাগলের উন্নত জাত সৃষ্টি ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে এডিপির বরাদ্দ থেকে দলিত শ্রেণীর মানুষদের মাঝে উন্নত মানের পুরুষ ছাগল বিতরণের প্রস্তাব প্রেরণ করেন। এছাড়া প্রতিটি ইউনিয়নে পোল্ট্রি ফার্মের নিবন্ধন ওয়েবপোর্টালে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলায় ছাগলের উন্নত জাত সৃষ্টি ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে এডিপির বরাদ্দ থেকে দলিত শ্রেণীর মানুষদের মাঝে উন্নত মানের পুরুষ ছাগল বিতরণের প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ,<br>২। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,<br>৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, মুক্তিযোদ্ধাদের ঘর নির্মাণ কার্যক্রম চলমান আছে। এছাড়া সকল ইউনিয়ন থেকে কম্বল বিতরণের মাষ্টাররোল এখনো পর্যন্ত পাওয়া যায়নি। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সকল ইউনিয়ন থেকে অতিদ্রুত কম্বল বিতরণের মাষ্টাররোল প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ৮। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগীদের অনলাইন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় ২০২৩-২৪ চক্রের যাচাইবাছাইয়ের চুড়ান্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় ১৮তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এ সময় সভার সভাপতি বলেন যে, ১০নং ধলবাড়িয়া ইউনিয়ন পরিষদ সংলগ্ন মহিলা বিষয়কের পরিত্যক্ত জায়গায় নারীর দক্ষতা বৃদ্ধি ও ক্ষমতায়নের জন্য একটি উদ্ভাবনী প্রকল্প বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ সহ উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১০নং ধলবাড়িয়া ইউনিয়ন পরিষদ সংলগ্ন মহিলা বিষয়কের পরিত্যক্ত জায়গায় নারীর দক্ষতা বৃদ্ধি ও ক্ষমতায়নের জন্য একটি উদ্ভাবনী প্রকল্প বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ ও উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ সহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, ০১/০১/২০২৩ তারিখে এক সাথে সকল শিক্ষার্থীর হাতে উৎসবমুখর পরিবেশে নতুন বই বিতরণ করা হয়েছে। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদেরকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। পরবর্তীতে পর্যায়ক্রমে সকল শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার কে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৪। বন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা বন বিভাগের ফরেস্টার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা বন বিভাগের ফরেস্টারকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ১৫। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৭। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, স্যাম্পল ভাইটাল রেজিষ্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্পের আওতায় এ উপজেলার নির্ধারিত ৪টি নমুনা এলাকায় অনলাইন অ্যাপসের মাধ্যমে জন্ম-মৃত্যু, আগমন-বহির্গমন, বিবাহ-তালাক সংক্রান্ত তথ্য ও ১২টি ইউনিয়নে কৃষি মজুরীর তথ্য, আমন এর নমুনা, মূল্য, উৎপাদন খরচ, আনুমানিক হিসাব, গম ও আলু ফসলের পূর্বাভাস জরিপ, গ্রীষ্মকালীন চীনাবাদাম, খরিপ তুলা এর তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৮। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ; সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | -উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৯। উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রম ঃ<br>উপজেলা নির্বাচন অফিসার জানান যে, ২০২২ এর ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা নির্বাচন অফিসার কে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন কমিশন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২০। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ সময় সভার সভাপতি মহোদয় জানান যে, বিগত ২৫/০২/২০২০ ইং তারিখে উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্তের আলোকে কালিগঞ্জ উপজেলার জন্য বসন্তপুর যে খাদ্যগুদাম রয়েছে সেটি উপজেলা থেকে অনেক দুরে অবস্থিত এবং যোগাযোগ ব্যবস্থা একেবারেই নাজুক। গোডাউনে যেতে যে রাস্তাটি রয়েছে সেটি দিয়ে ট্রাক যেতে পারে না। খাদ্য গুদাম হতে কৃষ্ণনগর, বিষ্ণুপুর, ধলবাড়িয়া ইউনিয়নসহ বিভিন্ন ইউনিয়নের খাদ্য শস্য পরিবহনের প্রতিবছর যে পরিমাণ পরিববহন ব্যয় হয় তা বহন করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে হিমশিম খেতে হচ্ছে। সেজন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কুশুলিয়ায়/মথুরেশপুর ইউনিয়নের মধ্যবর্তী স্থানে অথবা উপজেলা পরিষদের নিকটবর্তী সুবিধাজনক স্থানে একটি খাদ্য গুদাম নির্মাণের পুনরায় প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) খাদ্য গুদাম হতে খাদ্য শস্য পরিবহনের সুবিধার্থে কালিগঞ্জ উপজেলার কুশুলিয়ায়/মথুরেশপুর ইউনিয়নের মধ্যবর্তী স্থানে অথবা উপজেলা পরিষদের নিকটবর্তী সুবিধাজনক স্থানে খাদ্য গুদামের জন্য সরকারি খাস জমি পাওয়া গেলে জায়গা নির্ধারণ, স্কেপ ম্যাপ সহ পুনরায় প্রস্তাব উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২১। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ, সভায় জানান যে, তার দপ্তরের ঋণ প্রদান কার্যক্রম চলমান আছে। ঋণ আদায়ের হার ৯৮%। বকেয়া ঋণ আদায় প্রক্রিয়াধীন আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) ঃ<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে ২টি অবকাঠামোর উন্নয়ন প্রকল্পের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। বাকি ২টি উন্নয়ন প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য ইং ২৮/০২/২০২৩ তারিখ পর্যন্ত সময় বর্ধিত হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তাকে চলমান উন্নয়ন প্রকল্পগুলোর তদারকি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | ১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কর্মকর্তা, কালিগঞ্জ<br>২। সংশ্লিষ্ট সকল বিভাগের কর্মকর্তা। |
| ২৩। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি ঃ<br>সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডেপুটি জেনারেল ম্যানেজার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এছাড়া বকেয়া বিদ্যুৎ বিলগুলো অতিদ্রুত পরিশোধ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | সরকারি/বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের বকেয়া বিদ্যুৎ বিলগুলো অতিদ্রুত পরিশোধ করার জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ডিজিএম, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৪। পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম ঃ<br>পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা বলেন যে, এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ২০টি স্লুইচ গেটের নতুন পাটা লাগানো হয়েছে। এ সময় ভাড়াশিমলা ইউপি চেয়ারম্যান বলেন যে, ভাড়াশিমলা ইউনিয়নের বিলগুল্লি খালের স্লুইস গেটটি দীর্ঘদিন যাবৎ অকেজো হয়ে আছে। এছাড়া বিলগুল্লি খালের দুই ধারের বাঁধের অবস্থা নাজুক। আগামী বর্ষা মৌসুমে খালের দুই ধারের বিস্তীর্ণ এলাকা ভেঙে প্লাবিত হওয়ার আশংকা আছে। অতিদ্রুত খালের ভেড়ীবাঁধ টেকসই ভাবে মেরামত করা প্রয়োজন। | ১) ভাড়াশিমলা ইউনিয়নের বিলগুল্লি খালের স্লুইস গেট সহ খালের দুই পার্শ্বের ভেড়ীবাঁধ টেকসই ভাবে অতিদ্রুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়। | (১) নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা। |
| ২৫। আমার বাড়ি আমার খামারের কার্যক্রম ঃ<br>আমার বাড়ি আমার খামারের সমন্বয়ক, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আমার বাড়ি আমার খামারের সমন্বয়ক কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

<table>
<tr>
<td>
২৬। উপজেলা (BADC) বিভাগের কার্যক্রম ঃ<br>
(ক) বিএডিসি বিভাগের সহকারী প্রকৌশলী সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>
(খ) বিএডিসি বিভাগের প্রতিটি ইউনিয়নে যে সকল এলাকায় নিরাপদ খাবার পানির অগভীর/গভীর নলকূপ আছে সেই সকল এলাকা থেকে সেচ মিটার বন্ধ করা আশু প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া কৃষি কাজে ব্যবহারের জন্য অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির নিম্নবর্ণিত কৃষকগণ আবেদন করলে লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখিত স্থান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এবং বাছাই কমিটির সদস্য-সচিব, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি প্রতিবেদন দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।
</td>
<td>
(ক) বিএডিসি বিভাগের সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়।<br><br>
(খ) কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ (এস,আর,ও নং ১২৮- আইন/২০১৯)-এর ৬(১) ধারা মোতাবেক দাখিলকৃত আবেদনপত্র এবং কমিটির প্রতিবেদন বিবেচনা ক্রমে উপবিধি ৬(২) এ উল্লেখিত লাইসেন্স ফি প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত ব্যক্তিদের অনুকূলে নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>ক্র ন</th><th>নাম, পিতার নাম</th><th>ঠিকানা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>মোঃ আকব্বর আলী গাজী, পিং-মৃত ছকিমুদ্দীন</td><td>উঃ শ্রীপুর</td><td>যোগ্য</td></tr>
<tr><td>২.</td><td>মোহাম্মদ আলী বিশ্বাস, পিং-মৃত নজিরউদ্দীন</td><td>কৃষ্ণনগর</td><td>যোগ্য</td></tr>
<tr><td>৩.</td><td>মোঃ মুজিবর রহমান, পিং-মোঃ কুরবান গাজী</td><td>ফরিদপুর</td><td>যোগ্য</td></tr>
<tr><td>৪.</td><td>মোঃ শহিদ আলী তরফদার, পিং-আহসানউল্যাহ</td><td>বন্দকাটি</td><td>যোগ্য</td></tr>
<tr><td>৫.</td><td>শেখ আব্দুস সাত্তার, পিং-শেখ সেকেন্দার</td><td>শ্রীধরকাটি</td><td>যোগ্য</td></tr>
<tr><td>৬.</td><td>মোঃ আহাদ আলী, পিং-জহর আলী</td><td>কালিকাপুর</td><td>যোগ্য</td></tr>
<tr><td>৭.</td><td>ইমরান হোসেন, পিং-আব্দুল হাকিম পাড়</td><td>সোতা</td><td>যোগ্য</td></tr>
<tr><td>৮.</td><td>আছানুর, পিং-শেখ নুরুল ইসলাম</td><td>মসজিদবাটি</td><td>যোগ্য</td></tr>
<tr><td>৯.</td><td>সুমালেশ মন্ডল, পিং-পরান মন্ডল</td><td>ঘুশুড়ি</td><td>যোগ্য</td></tr>
<tr><td>১০.</td><td>মোঃ হাবিবুর রহমান, পিং-আব্দুল হাকিম সরদার</td><td>কালিকাপুর</td><td>যোগ্য</td></tr>
<tr><td>১১.</td><td>মোঃ আব্দুল আলিম গাজী, পিং-মৃত ফকির গাজী</td><td>মুড়াগাছা</td><td>যোগ্য</td></tr>
<tr><td>১২.</td><td>মোঃ আঃ রউফ গাজী, পিং-মোঃ আক্কাজ গাজী</td><td>আব্দুলখালি</td><td>যোগ্য</td></tr>
<tr><td>১৩.</td><td>শেখ জয়নাল আবেদিন, পিং-শেখ মতিয়ার রহমান</td><td>সাইহাটি</td><td>যোগ্য</td></tr>
<tr><td>১৪.</td><td>মোঃ ফারুক হোসেন, পিং-মোঃ আব্দুল কাদের</td><td>নারায়নপুর</td><td>যোগ্য</td></tr>
<tr><td>১৫.</td><td>মোঃ মেহেদী হাসান, পিং-শেখ মোশাররফ হোসেন</td><td>শ্রীরামপুর</td><td>যোগ্য</td></tr>
<tr><td>১৬.</td><td>আঃ মজিদ আলী গাজী, পিং-মোসলেম আলী গাজী</td><td>রঘুরামপুর</td><td>যোগ্য</td></tr>
</table>
</td>
<td>
(১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>
(২) সহকারী প্রকৌশলী, বিএডিসি, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>
(৩) চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ
</td>
</tr>
</table>

২৭। বিবিধ ঃ

(ক) সভার সভাপতি মহোদয় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী বৈশ্বিক অতিমারী মোকাবেলায় খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে অধিক কৃষি ও খাদ্য শস্য উৎপাদন উপযোগী করতে সকল ইউনিয়নের খালগুলোসহ মথুরেশপুর ইউনিয়নের চিংড়া গেড়ের খাল, পাঁচবাড়িয়া খাল, বাগদাড়িয়ালা খাল, নিজদেবপুর গোলবখালি খাল, বন্দকাটি পোপপাড়িয়া খাল অবৈধ দখলদারদের হাত থেকে মুক্ত করার জন্য অনতিবিলম্বে রেকর্ড বাতিলসহ খননের পুনঃপ্রস্তাবসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

(খ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ কার্যক্রমের অংশ হিসেবে উপজেলা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইনফো-সরকার প্রকল্প থেকে নিয়োজিত টেকনিশিয়ানের দায়িত্ব অব্যাহত রাখাসহ উপজেলা পরিষদের নিজস্ব আয় থেকে সম্মানী/বেতন প্রদান করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে উপজেলা পরিষদের চেয়ারম্যানকে অনুরোধ করেছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সংস্থা-২ শাখার ০১ জুন, ২০১৬ খ্রি: তারিখের ১৪৮নং স্মারকে অনুরোধের প্রেক্ষিতে উপজেলা পরিষদে টেকনিশিয়ানকে নিয়োজিত দায়িত্বে অব্যাহত রাখার জন্য উপজেলা পরিষদের নিজস্ব আয় থেকে ১লা ফেব্রুয়ারি/২০২৩ তারিখ হতে জনাব শেখ তানভীর হোসেন, উপজেলা টেকনিশিয়ানকে মাসিক সম্মানী/বেতন ১৫,০০০/- (পনের হাজার) টাকা হারে প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব ঃ (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

(২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা

(গ) আলোচনা ঃ সভায় জানানো হয় যে, স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% অর্থ ইউনিয়ন পরিষদের স্থাবর সম্পত্তি হস্তান্তর কর সংক্রান্ত তহবিলে (সোনালী ব্যাংক কালিগঞ্জ শাখায়) জমা হয়। উক্ত জমাকৃত অর্থ স্থানীয় সরকার বিভাগের ১১/০৯/২০০৫ তারিখের ইপ/বিবিধ ১৩/৯৬/১১৫৯(৬৪) নং স্মারকের আলোকে জনসংখ্যার ভিত্তিতে বন্টনপূর্বক ইউনিয়ন পরিষদের প্রাপ্য অংশ থেকে প্রথমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের কর্মচারীদের বেতনভাতা প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় অংশ কর্তন পূর্বক অবশিষ্ট টাকা হিস্যা অনুযায়ী উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদের হিসাবে জমা প্রদানের নির্দেশনা রয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ উক্ত অর্থ ইউনিয়নের উন্নয়ন প্রকল্পের ম্যাচিং ফান্ড হিসাবে ব্যবহার করবেন। কোন

ইউনিয়নের হিসাবে জমাকৃত অর্থ ম্যাচিং ফান্ড হিসাবে প্রদানের পরও যদি অবশিষ্ট থাকে তবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর পূর্ব অনুমোদন গ্রহণ পূর্বক অন্য কোন কাজে তা ব্যয় করতে পারবেন মর্মে নির্দেশনা রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% অর্থ (ইউনিয়ন পরিষদ অংশ) অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর /২০২২ মাসে জমার বিবরণ নিম্নরূপ ঃ-

২০২২-২০২৩ অর্থ বছরে অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর /২০২২ পর্যন্ত জমার বিবরণ

| ক্রঃ নং | মাসের নাম | জমাকৃত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | অক্টোবর/২০২২ | ১৪,৭০,৫২৬/৮৩ | |
| ০২ | নভেম্বর /২০২২ | ১১,৫৬,৩৭৮/৮০ | |
| ০৩ | ডিসেম্বর/২০২২ | ১৫,৪৮,৫৩৫/৫০ | |
| . | মোট | ৪১,৭৫,৪৪১/১৩ | |

২০২২-২৩ অর্থ বছরে অক্টোবর,নভেম্বর,ডিসেম্বর/২২ ইউনিয়ন পরিষদের অনুকূলে স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% খাতে জমা = ৪১,৭৫,৪৪১/-

২০২২-২৩ অর্থ বছরে অক্টোবর,নভেম্বর,ডিসেম্বর/২২ ইউনিয়ন পরিষদের অনুকূলে স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% খাতে খরচ ইউপি,সচিবদের বেতন ভাতাদি বাবদ জেলা অফিসে প্রেরণ ও গ্রাম পুলিশদের বেতন ভাতাদি বাবদ খরচ ডিসেম্বর /২২ পর্যন্ত (-) ২৭,৬৮,৩০৭/-

জনসংখ্যার ভিত্তিতে বরাদ্দ যোগ্য অর্থের পরিমাণ = ১৪,০৭,১৩৪/-

সিদ্ধান্ত ঃ স্থাবর সম্পত্তি হস্তান্তর করের (ইউনিয়ন পরিষদ অংশের) **১% ভাগ অর্থ** হতে ২০২২-২০২৩ অর্থ বছরের অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর/২২ মাসের জমাকৃত অর্থ হতে বেতনভাতাদি প্রদানের পর অবশিষ্ট সর্বমোট ১৪,০৭,১৩৪/-(চৌদ্দ লক্ষ সাত হাজার একশত চৌত্রিশ) টাকা সংশ্লিষ্ট পরিপত্র মোতাবেক জনসংখ্যার ভিত্তিতে উক্ত অর্থ এ উপজেলার ইউনিয়ন পরিষদসমূহের মধ্যে বিভাজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ **স্থানীয় সরকার বিভাগের ১১/০৯/২০০৫ তারিখের ইপ/বিবিধ ১৩/৯৬/ ১১৫৯(৬৪)** নং স্মারকের আলোকে বর্ণিত বরাদ্দের বিপরীতে **স্ব স্ব ইউনিয়ন পরিষদ সভার কার্যবিবরণী**সহ প্রকল্প গ্রহণ করে প্রকল্প প্রস্তাব ও প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন করে নেয়ার জন্য সংশ্লিষ্ট **ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো** ।

সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব **ঃ (১) উপজেলা নির্বাহী অফিসার**, কালিগঞ্জ, সাতক্ষীরা
(২) **উপজেলা প্রকৌশলী**, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা
(৩) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সংশ্লিষ্ট (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

**পরিশেষে মুজিব বর্ষের** অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্ট্যান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, **টেকসই উন্নয়নের** লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

তারিখ : ০১/০২/২০২৩ খ্রিঃ

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২৩-১১৮

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭-সাতক্ষীরা-৩/ ১০৮-সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা
৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
৭। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সেচ) সাতক্ষীরা
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১১। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১২। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১৩। চেয়ারম্যান ---------------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১৪। জনাব ----------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

০১/০২/২০২৩

রহিমা সুলতানা বুশরা
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

## ৩১/০১/২০২৩ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

### পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | **জনাব সাঈদ মেহেদী** | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব রহিমা সুলতানা বুশরা | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | **জনাব নাজিমুল ইসলাম** | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ২ | জনাব ডাঃ শেখ তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব সাফিয়া পারভীন | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | | ৩ | জনাব ওয়াসীম উদ্দীন | উপজেলা কৃষি কর্মকর্তা,কালিগঞ্জ |
| ৪ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি | | ৪ | জনাব ডাঃ উৎপল রায় | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি | | ৫ | **জনাব মোঃ ইফতেখারউদ্দীন জোয়ার্দার** | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৬ | জনাব শেখ আবুল কাশেম মোহাম্মদ আব্দুল্লাহ | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি | | ৬ | **জনাব মোঃ নাজমুল হুদা** | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব আজিজুর রহমান | **চেয়ারম্যান, নলতা ইউপি** | | ৭ | **জনাব মোঃ শাহ আলম** | উপজেলা পঃ পঃ অফিসার, কালিগঞ্জ (পক্ষে) |
| ৮ | জনাব এনামুল হোসেন | **চেয়ারম্যান, তারালি ইউপি** | | ৮ | **জনাব মোঃ মিরাজ হোসেন খান** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ৯ | জনাব নাজমুল হাসান | **চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি** | | ৯ | **জনাব অর্পা চক্রবর্তী** | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১০ | **জনাব মোঃ আব্দুল হাকিম** | **চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি** | | ১০ | জনাব মিজানুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| ১১ | **জনাব গাজী শওকত হোসেন** | **চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি** | | ১১ | জনাব এইচ এম কামরুজ্জামান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ |
| ১২ | **জনাব এম আলীম আল রাজী** | চেয়ারম্যান, রতনপুর ইউপি | | ১২ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৩ | জনাব এস এম আকরাম হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৪ | জনাব কনক চন্দ্র অধিকারী | উপজেলা সমন্বয়কারী (একটি বাড়ি একটি খামার) কালিগঞ্জ |
| | | | | ১৫ | জনাব রুদ্র কিশোর মল্লিক | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ |
| | | | | ১৬ | জনাব অনুজ গাইন | উপজেলা নির্বাচন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৭ | জনাব শ্মশান কুমার মন্ডল | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৮ | জনাব তন্ময় হালদার | উপ-সহকারী, প্রকৌশলী, পাউবো, কালিগঞ্জ |
| | | | | ১৯ | জনাব মোঃ আব্দুর রহমান | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ |
| | | | | ২০ | জনাব আসমাউল হুসনা (ইউডিএফ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, কালিগঞ্জ |

### পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ২ | জনাব গোবিন্দ চন্দ্র মন্ডল | চেয়ারম্যান, দঃ শ্রীপুর ইউপি | | ২ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ৩ | জনাব মোঃ ফেরদাউস মোড়ল | চেয়ারম্যান মৌতলা ইউপি | | ৩ | জনাব মোঃ আসাদুজ্জামান | উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ |
| | | | | ৪ | জনাব আকরাম হোসেন | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| | | | | ৫ | জনাব শহিদুর রহমান | উপজেলা ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | | ৬ | মিনারা আক্তার | তথ্য সেবা, কালিগঞ্জ |